

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫১-আইন/২০১৭/৩৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ২০ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ৩ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস এর অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের 'টেবিল' এর কলাম (1) এ উল্লিখিত শিরোনাম সংখ্যা (Heading)-

(ক) 44.18 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code-

(অ) "4418.71.00" এর পরিবর্তে H.S. Code "4418.74.00" প্রতিস্থাপিত হইবে;

(আ) "4418.72.00" এর পরিবর্তে H.S. Code "4418.75.00" প্রতিস্থাপিত হইবে;

(খ) 94.05 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "9405.40.49" এর পরিবর্তে H.S. Code "9405.40.40" প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) 94.06 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "9406.00.90" এর পরিবর্তে H.S. Code "9406.90.90" প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান  
সিনিয়র সচিব